www.exambd.net



০১

# প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৮

সেট : ৭২৭৭
তারিখ : ০১.০৬.২০১৮

[স্থগিত ২০১৪]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

**যে ১৪ জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল**

ঢাকা, গাজীপুর, নরসিংদী, নেত্রকোণা, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, চট্টগ্রাম, সাতক্ষীরা, যশোর, কুষ্টিয়া, নীলফামারী।

[দ্রষ্টব্য: উত্তরদাতা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে]

**০১. বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান এর পদবি কী ছিল?**

ক. ক্যাপ্টেন খ. সিপাহী
গ. ল্যান্স নায়েক ঘ. লেফটেন্যান্ট

উত্তর✓ খ ব্যাখ্যা বীরশ্রেষ্ঠদের নাম ও পদবি:

| নাম | পদবি |
|---|---|
| নূর মোহাম্মদ শেখ | ল্যান্স নায়েক |
| মুন্সি আবদুর রউফ | ল্যান্স নায়েক |
| মহিউদ্দিন জাহাঙ্গীর | ক্যাপ্টেন |
| রুহুল আমিন | ইঞ্জিনরুম আর্টিফিসার |
| মোহাম্মদ মোস্তফা কামাল | সিপাহি |
| মতিউর রহমান | ফ্লাইট লেফটেন্যান্ট |
| মোহাম্মদ হামিদুর রহমান | সিপাহি |

**০২. যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো রয়েছে তাকে বলে-**

ক. পুরাঘটিত বর্তমান খ. সাধারণ অতীত
গ. নিত্যবৃত্ত অতীত ঘ. ঘটমান বর্তমান

উত্তর✓ ক ব্যাখ্যা যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো রয়েছে তাকে পুরাঘটিত বর্তমান কাল বলে। যেমন: বৃষ্টির জন্য পথে কাদা হয়েছে।

**০৩. শুদ্ধ বানান কোনটি?**

ক. ভবিষ্যৎ খ. দীর্ঘজীবি
গ. সমীচিন ঘ. আশির্বাদ

উত্তর✓ ক ব্যাখ্যা অপশনে প্রদত্ত শব্দের শুদ্ধরূপ :

| প্রদত্ত শব্দ | শুদ্ধরূপ |
|---|---|
| দীর্ঘজীবি | দীর্ঘজীবী |
| সমীচিন | সমীচীন |
| আশির্বাদ | আশীর্বাদ |

**০৪. A reward has been announced for the employees who —— hard.**

ক. has worked খ. will be worked
গ. have had worked ঘ. have worked

উত্তর✓ ঘ ব্যাখ্যা বাক্যের প্রসঙ্গ অনুযায়ী subordinate clause এর verb এর tense main clause এর verb এর tense কে অনুসরণ করবে অর্থাৎ subordinate clause এর verb টি present perfect tense (have/has + $v_3$) এ হবে।

**০৫. Which sentence is correct?**

ক. He is as good as mine খ. He is as good as myself
গ. He is as good as me ঘ. He is as good as I

উত্তর✓ ঘ ব্যাখ্যা Structure: as + adj + as + pronoun এর subjective form।

**০৬. "এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি" - চরণদ্বয় রবীন্দ্রনাথের কোন কবিতার অংশে-**

ক. দেবতার গ্রাস খ. পুরাতন ভৃত্য
গ. নিষ্ফল উপহার ঘ. দুই বিঘা জমি

উত্তর✓ ঘ ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুরকে বাংলা ভাষায় সর্বশ্রেষ্ঠ সাহিত্যিক বলা হয়। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কতিপয় কবিতার চরণ:

- মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে
  মানবের মাঝে আমি বাঁচিবারে চাই। (প্রাণ)
- ওরে নবীন, ওরে আমার কাঁচা
  ওরে সবুজ, ওরে সবুজ
  আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা। (সবুজের অভিযান)

**০৭. (a-b), ($a^2$ - ab), ($a^2$ - $b^2$) এর লসাগু নিচের কোনটি?**

ক. $a^2 - b^2$ খ. a(a-b)
গ. (a-b) ঘ. $a(a^2 - b^2)$

উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রথম রাশি a − b
দ্বিতীয় রাশি, $a^2 - ab = a(a - b)$
তৃতীয় রাশি, $a^2 - b^2 = (a + b)(a - b)$
∴ নির্ণেয় ল.সা.গু $= a(a + b)(a - b)$
$= a(a^2 - b^2)$

**০৮. Identify the singular number:**

ক. Formula খ. data
গ. fungi ঘ. Agenda

উত্তর✓ ক ব্যাখ্যা কিছু কিছু Noun এর plural form অনিয়মিতভাবে হয়ে থাকে। যেমন:

| | |
|---|---|
| formula (sing.) | formulae/formulas (pl.) |
| crisis (sing.) | Crises (pl.) |
| medium (sing.) | media (pl.) |

**০৯. আবদুল্লাহ প্রতি ডজন কলা ২১ টাকা দরে ১৫ ডজন এবং ১৪ টাকা দরে ২০ ডজন ক্রয় করে। প্রতি ডজন কলা কী দামে বিক্রয় করলে গড়ে তার ডজন প্রতি ৫ টাকা লাভ হবে?**

ক. ২২ টাকা দরে খ. ২০ টাকা দরে
গ. ১৮ টাকা দরে ঘ. ১৫ টাকা দরে

উত্তর✓ ক ব্যাখ্যা ১৫ + ২০ = ৩৫ ডজন কলার ক্রয়মূল্য
= (২১ × ১৫) + ১৪ × ২০) টাকা
= (৩১৫ + ২৮০) টাকা
= ৫৯৫ টাকা

∴ ১ ডজন কলার ক্রয়মূল্য = $\frac{৫৯৫}{৩৫}$ টাকা
= ১৭ টাকা

∴ প্রতি ডজন কলার বিক্রয়মূল্য = ১৭ + ৫ = ২২ টাকা

www.exambd.net



**১০. গ্রাউন্ড জিরো কোনটির সঙ্গে সম্পৃক্ত-**

ক. ১/১১ খ. ৯/১১
গ. সুনামি ঘ. ব্ল্যাক সেপ্টেম্বর

উত্তর✓ খ ব্যাখ্যা ১১ সেপ্টেম্বর ২০০১ এর হামলা ইংরেজিতে '৯/১১' নামে পরিচিত। ঐ দিন মঙ্গলবার সকালে যুক্তরাষ্ট্রের উপর আল কায়েদার একইসাথে চারটি সমন্বিত সন্ত্রাসী হামলা চালায়। টুইন টাওয়ারে বিমান হামলা পুরো বিশ্বকে পাল্টে দেয়া একটি ঘটনা। ধ্বংস হয়ে যাওয়ার পর সেই টুইন টাওয়ার জায়গাটার নাম এখন 'গ্রাউন্ড জিরো।'

**১১. URL হলো-**

ক. Web এর বিভিন্ন Documents ও অন্যান্য Resources এর ঠিকানা
খ. কতগুলো Network এর বিভিন্ন Resources এর ঠিকানা
গ. শুধু একটি LAN এর বিভিন্ন Resources এর ঠিকানা
ঘ. একটি Network এর Domain

উত্তর✓ ক ব্যাখ্যা URL এর পূর্ণরূপ হলো: Uniform Resource Locator। ওয়েব পেজকে প্রদর্শন করতে ওয়েব ব্রাউজারে এর ঠিকানা নির্দিষ্ট করে দিতে হয়। এটি হলো Web এর বিভিন্ন Documents ও অন্যান্য Resources এর ঠিকানা। URL হচ্ছে ওয়েব সাইটের একক (Unique) ঠিকানা। পৃথিবীতে এক নামে একটি ওয়েব পেজ থাকে।

**১২. জাহাজ নির্মাণ শিল্পে সর্বাপেক্ষা উন্নত দেশ কোনটি?**

ক. যুক্তরাজ্য খ. যুক্তরাষ্ট্র
গ. বাংলাদেশ ঘ. রাশিয়া

উত্তর✓ ক ব্যাখ্যা বিশ্বের শীর্ষ শিল্প প্রধান দেশ যুক্তরাষ্ট্র। এ ছাড়াও কাচশিল্পে চীন, ঘড়ি শিল্পে সুইজারল্যান্ড, কার্পাস বয়ন শিল্পে ভারত শীর্ষ দেশ।

**১৩. A rolling stone gathers no moss. What 'rolling' is?**

ক. verbal noun খ. Participle
গ. Adjective ঘ. Gerund

উত্তর✓ গ ব্যাখ্যা 'Stone' এর পূর্বে 'rolling' শব্দটির ব্যবহার 'stone' টির একটি অবস্থা নির্দেশ করছে (The stone is rolling)। সেহেতু 'rolling' শব্দটি একটি adjective।

**১৪. 'ব্যষ্টি' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

ক. সমষ্টি খ. ভবিষ্যৎ
গ. সৃষ্টি ঘ. বৃদ্ধি

উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় বিপরীতার্থক শব্দ : ভূত-ভবিষ্যৎ, বৃদ্ধি-হ্রাস, সৃষ্টি-ধ্বংস, সার্থক-ব্যর্থ, হ্রস্ব-দীর্ঘ, প্রশংসা-নিন্দা, হরণ-পূরণ।

**১৫. একটি গাড়ি ঘন্টায় ৬০ কিলোমিটার বেগে চলে, ৩ মিনিট ৩০ সেকেন্ডে উহা কত কিমি. দূরে যাবে?**

ক. ২১০ খ. ২০
গ. ৩.৩ ঘ. ৩.৫

উত্তর✓ ঘ ব্যাখ্যা ৩ মিনিট ৩০ সেকেন্ড = ৩.৫ মিনিট।
গাড়ি ৬০ মিনিটে যায় ৬০ কিলোমিটার
" ৩.৫ " " $\frac{৬০ \times ৩.৫}{৬০}$ কিলোমিটার
= ৩.৫ কিলোমিটার।

**১৬. Who is the modern philosopher who was awarded Novel Prize for literature?**

ক. James Baker খ. Dr. Kissinger
গ. Bertrand Russel ঘ. Lenin

উত্তর গ।

**১৭. কোন সংখ্যার দ্বিগুণের সাথে 3 যোগ করলে যোগফল সংখ্যাটি অপেক্ষা 7 বেশি হয়। সংখ্যাটি নির্ণয় করুন।**

ক. 3 খ. 4
গ. 5 ঘ. 6

উত্তর✓ খ ব্যাখ্যা ধরি সংখ্যাটি x
প্রশ্নমতে, $2x + 3 = x + 7$
$\Rightarrow x = 4$

**১৮. Choose the correct indirect speech — She asked me, 'Are you happy in your new job?'**

ক. She asked me if I was happy in my new job
খ. She asked me if I have been happy in my new job
গ. She asked me whether I am happy in my new job
ঘ. She asked me if I had been happy in my new job

উত্তর✓ ক ব্যাখ্যা Reporting verb টি past indefinite tense এর হলে এবং Reported speech এর verb টি present indefinite tense এ থাকলে Indirect narration এ রূপান্তরের ক্ষেত্রে Reported speech এর verb টি past indefinite tense এ পরিবর্তিত হয়।

**১৯. The passive form of the sentence "Some children were helping the wounded man"-**

ক. The wounded man was to be helped by some children
খ. The wounded man was helped by some children
গ. The wounded man was helping some children
ঘ. The wounded man was being helped by some children

উত্তর✓ ঘ ব্যাখ্যা Passive voice এ রূপান্তরের ক্ষেত্রে, Active voice এর object টি passive voice এর subject হয় এবং verb এর প্রকৃতি এবং tense, passive voice এর subject এর প্রকৃতি এবং Active voice এর tense অনুযায়ী হয়। যেহেতু Active voice এর verb এর tense Past continuous tense সেহেতু এর passive structure টি হবে was/were + being + $v_3$।

**২০. যদি কোনো যৌগের জলীয় দ্রবণ নীল লিটমাসকে লাল করে তাহলে সেটি-**

ক. ক্ষার খ. ক্ষারক
গ. অম্ল ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ ব্যাখ্যা যদি কোন যৌগ এর জলীয় দ্রবণে লাল লিটমাসকে নীল করে, তবে এটি ক্ষারক এবং নীল লিটমাসকে লাল করলে এটি অম্ল এবং উভয়ে লিটমাস কোন পরিবর্তন না হলে এটি নিরপেক্ষ যৌগ।

**২১. What type of noun the word 'Chemistry is**

ক. abstract খ. material
গ. proper ঘ. common

উত্তর✓ গ ব্যাখ্যা যেহেতু 'chemistry' শব্দটি জ্ঞানের একটি শাখার নাম, সেহেতু এটি একটি proper noun। আরো কিছু উদাহরণ যেমন : Mathematics, Physics, Biology etc.।

www.exambd.net



**২২. I know where he lives. The sentence is a –**

ক. compound sentence  খ. complex sentence
গ. negative sentence  ঘ. simple sentence

**উত্তর✓ খ ব্যাখ্যা** উক্ত বাক্যে 'Where' একটি subordinating conjunction। বাক্যে দুটি clause subordinating conjunction দ্বারা যুক্ত থাকলে বাক্যটি একটি complex sentence।

**২৩. শতকরা ১ টাকা হার সুদে ১ টাকার সুদ ১ টাকা হবে কত বছরে?**

ক. ১০০০  খ. ১
গ. ১০০  ঘ. ১০

**উত্তর✓ গ ব্যাখ্যা** ১০০ টাকায় ১ টাকা সুদ হয় ১ বছরে

$\therefore$ ১ টাকায় ১ টাকা সুদ হয় $\frac{১০০ \times ১}{১}$ বছরে

$= ১০০$ বছরে

অথবা সময় $= \frac{\text{সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{হার}}$

$= \frac{১ \times ১০০}{১ \times ১}$

$= ১০০$ বছর।

**২৪. 'এডামস পিক' তীর্থস্থানটি কোথায় অবস্থিত?**

ক. ইন্দোনেশিয়ায়  খ. শ্রীলঙ্কায়
গ. ভারতে  ঘ. ভিয়েতনামে

**উত্তর✓ খ ব্যাখ্যা** শ্রীলঙ্কার দক্ষিণ-পশ্চিম সীমান্তের শ্রীপাডা নামক প্রদেশের রত্মাপুরা জেলায় এডামস পিক অবস্থিত। এডামস পিক এ রয়েছে একটি প্রকাণ্ড পাথরখণ্ড এর উচ্চতা ৮ ফুট। এর উপরেই রয়েছে পাদচিহ্ন যা আদম (আঃ) এর পায়ের চিহ্ন বলে বিশ্বাস করা হয়। দৈর্ঘ্য ৫ ফুট ৭ ইঞ্চি ও প্রস্থ ২ ফুট ৬ ইঞ্চি।

**২৫. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে চরমপত্র পাঠ করতেন-**

ক. সুনীল গঙ্গোপাধ্যায়  খ. এম আর আখতার মুকুল
গ. আব্দুল হান্নান  ঘ. আব্দুল গাফফার চৌধুরী

**উত্তর✓ খ ব্যাখ্যা** চরমপত্র হল এম. আর আখতার মুকুল রচিত ও উপস্থাপিত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সবচেয়ে জনপ্রিয় অনুষ্ঠান। 'চরমপত্র' অনুষ্ঠানটি স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালু হওয়ার দিন ২৫ মে শুরু করে ১৬ ডিসেম্বর বাংলাদেশ স্বাধীন হওয়ার দিন পর্যন্ত প্রতিদিন প্রচারিত হয়েছে। চরমপত্র এর প্রতিটি অধ্যায় রচনা ও পাঠ করেন এম. আর আখতার মুকুল।

**২৬. বাংলাদেশের প্রথম স্যাটেলাইটের নাম-**

ক. বঙ্গবন্ধু স্যাটেলাইট  খ. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১
গ. আকাশ স্যাটেলাইট-১  ঘ. বাংলা স্যাটেলাইট-১

**উত্তর✓ খ ব্যাখ্যা** বঙ্গবন্ধু স্যাটেলাইট -১ (BS-1) বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ উপগ্রহ। এটি ১১ মে ২০১৮ ইডিটি, বাংলাদেশে মান সময় ১২ মে ভোর ০২.১৪ মিনিটে কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়। এই প্রকল্পটি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বাস্তবায়িত হয় এবং এটি ফ্যালকন ৯ ব্লক রকেটের প্রথম পেলোড উৎক্ষেপণ ছিল। স্যাটেলাইটটি নির্মাণ করে ফ্রান্সের থ্যালেস অ্যালেনিয়া স্পেস।

**২৭. বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট কে ছিলেন?**

ক. তাজউদ্দীন আহমেদ  খ. এ.এইচ.এম কামারুজ্জামান
গ. সৈয়দ নজরুল ইসলাম  ঘ. ক্যাপ্টেন এম মনসুর আলী

**উত্তর✓ গ ব্যাখ্যা** ১০ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের প্রবাসী বা অস্থায়ী সরকার গঠন হয়। ১৭ এপ্রিল ১৯৭১ সালে প্রথম প্রবাসী অস্থায়ী সরকার শপথ গ্রহণ করেন।

**মুজিবনগর সরকার**

| নাম | পদবি |
|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি |
| সৈয়দ নজরুল ইসলাম | অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি |
| তাজউদ্দীন আহমদ | প্রধানমন্ত্রী |
| ক্যাপ্টেন এম. মনসুর আলী | অর্থমন্ত্রী |
| খন্দকার মোশতাক আহমদ | পররাষ্ট্রমন্ত্রী |
| আবুল হাসানাত মোহাম্মদ কামরুজ্জামান | স্বরাষ্ট্রমন্ত্রী |

**২৮. সতীদাহ প্রথা বিলুপ্ত হয় কত সালে?**

ক. ১৮৩৯  খ. ১৮২৯
গ. ১৭২৯  ঘ. ১৮৩০

**উত্তর✓ খ ব্যাখ্যা** সতীদাহ প্রথা হচ্ছে হিন্দু ধর্মাবলম্বী বিধবা নারীদের স্বামীর চিতায় সহমরণে বা আত্মাহুতি দেবার ঐতিহাসিক প্রথা, যা রাজা রামমোহন রায়ের একান্ত প্রচেষ্টায় এই প্রথা বন্ধ হয়। লর্ড উইলিয়াম বেন্টিংকের আমলে ১৮২৯ সালের ৪ ডিসেম্বর বৃটিশ ভারতের বেঙ্গল প্রেসিডেন্সিতে সতীদাহ প্রথাকে আনুষ্ঠানিকভাবে বাতিল ঘোষণা করা হয়।

**২৯. ঢাকা থেকে রংপুরের দূরত্ব ৪৫ মাইল। হাসান ঘন্টায় ৩ মাইল বেগে এবং শাহিন ঘন্টায় ৪ মাইল বেগে হাঁটে। হাসান ঢাকা থেকে রওয়ানা হওয়ার ১ ঘন্টা পর শাহিন রংপুর থেকে ঢাকা রওয়ানা হলো। শাহিন কত মাইল হাঁটার পর হাসানের সাথে দেখা হবে?**

ক. ২৪  খ. ২১
গ. ২০  ঘ. ২৩

**উত্তর✓ ক ব্যাখ্যা** ধরি, শাহিন x ঘন্টা হাঁটার পর হাসানের সাথে দেখা হয়। হাসান হাটে x + ১ ঘন্টা।

প্রশ্নমতে, $৩(x + ১) + ৪x = ৪৫$

$\Rightarrow ৩x + ৩ + ৪x = ৪৫$

$\Rightarrow ৭x = ৪২$

$\therefore x = ৬$

$\therefore$ শাহিন ৬ ঘন্টায় হাটে $= ৪ \times ৬ = ২৪$ মাইল।

**৩০. একটি ভগ্নাংশের লব ও হরের পার্থক্য 1 এবং সমষ্টি 7 ভগ্নাংশটি কত?**

ক. $\frac{1}{6}$  খ. $\frac{4}{3}$
গ. $\frac{2}{5}$  ঘ. $\frac{3}{4}$

**উত্তর✓ ঘ ব্যাখ্যা** ধরি, ভগ্নাংশটি $= \frac{x}{x + 1}$

প্রশ্নমতে, $x + x + 1 = 7$

$\Rightarrow 2x = 6$

$\Rightarrow x = 3$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{3}{3 + 1} = \frac{3}{4}$

**৩১. 'মন না মতি' বাগধারাটির অর্থ কী?**

ক. অরাজগ খ. অপদার্থ
গ. মূল্যবান ঘ. অস্থির মানব মন

উত্তর: ঘ ব্যাখ্যা: কতিপয় বাগ্‌ধারা : আমড়া কাঠের ঢেঁকি (অপদার্থ), মগের মুল্লুক (অরাজক দেশ), এলোপাতাড়ি (বিশৃঙ্খলা), গোঁফ খেজুরে (নিতান্ত অলস),কাছা ঢিলা (অসাবধান), জিলাপির প্যাঁচ (কুটিলতা)।

**৩২. সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা -এখানে 'সর্বাঙ্গে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি-**

ক. অধিকরণে তৃতীয়া খ. অধিকরণে সপ্তমী
গ. কর্তায় সপ্তমী ঘ. অপাদানে তৃতীয়া

উত্তর: খ ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা। এখানে 'সর্বাঙ্গে' শব্দে 'এ' বিভক্তি যুক্ত হয়েছে। তাই শব্দটি সপ্তমী বিভক্তির উদাহরণ।

**৩৩. A person who writes about his own life writes**

ক. An autobiography খ. A biography
গ. A diary ঘ. A Chronicle

উত্তর: ক ব্যাখ্যা: ব্যক্তি স্বয়ং যখন নিজের জীবনীর রচিয়তা তখন সেই জীবনীগ্রন্থটি কে Autobiography বলে। কিন্তু অন্য কারো দ্বারা রচিত ব্যক্তির জীবনী কে 'biography' বলা হয়।

**৩৪. বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটার লু' কোন দেশে অবস্থিত?**

ক. ইংল্যান্ড খ. বেলজিয়াম
গ.সুইডেন ঘ. ইতালি

উত্তর: খ ব্যাখ্যা: ওয়াটারলু বেলজিয়ামের রাজধানী ব্রাসেলস শহরের অদূরববর্তী একটি ছোট শহর। ১৮১৫ খ্রিস্টাব্দের ১৮ জুন ওয়াটারলুর যুদ্ধ সংঘটিত হয়েছিল। এই যুদ্ধে ফরাসি সৈন্যদলের সেনাপতি নেপোলিয়ন বোনাপার্ট পরাজিত হয়েছিলেন।

**৩৫. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?**

ক. বুধ খ. শুক্র
গ. বৃহস্পতি ঘ. মঙ্গল

উত্তর: খ ব্যাখ্যা: পৃথিবীর নিকটতম গ্রহ শুক্র (Venus)। দূরত্ব অনুসারে পৃথিবী সূর্যের তৃতীয় গ্রহ। সূর্যের নিকটতম ও দ্রুততম গ্রহ বুধ (Mereury)। সূর্য ব্যতীত পৃথিবীর নিকটতম নক্ষত্র প্রক্সিমা সেন্টরাই (Proxima Centari).

**৩৬. $x^3+1$ এবং $x^2-1$ এর গ.সা.গু কত?**

ক. $x+1$ খ. $x-1$
গ. $(x+1)(x-1)(x^2-x+1)$ ঘ. $x(x-1)$

উত্তর: ক ব্যাখ্যা: $x^3+1=(x+1)(x^2+x+1)$
$x^2-1=(x+1)(x-1)$
$\therefore$ নির্ণেয় গ.সা.গু $= x+1$

**৩৭. বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ কোনটি?**

ক. নিঝুম দ্বীপ খ. সেন্টমার্টিন
গ. মহেশখালী ঘ. ছেড়া দ্বীপ

উত্তর: গ ব্যাখ্যা: মহেশখালী বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত একটি উপজেলা। এটি বাংলাদেশের একমাত্র পাহাড়িয়া দ্বীপ। আয়তন ৩৮৮.৫০ বর্গ কিলোমিটার। নিঝুম দ্বীপ নোয়াখালী জেলার হাতিয়া উপজেলা এর অন্তর্গত। সেন্টমার্টিন কক্সবাজার জেলার টেকনাফ হতে প্রায় ৯ কি.মি দক্ষিণে নাফ নদীর মোহনায় অবস্থিত। একে নারিকেল জিঞ্জিরা বলা হয়।

**৩৮. What is the antonym of 'famous'?**

ক. obscure খ. extra ordinary
গ. frugal ঘ. careful

উত্তর: ক ব্যাখ্যা: Famous (adj)- বিখ্যাত; observe (adj)- অস্পষ্ট; extraordinary (adj)- অসাধারণ, frugal (adj)- মিতব্যয়ী, careful (adj)- সতর্ক।

**৩৯. Which one is the indefinite pronoun?**

ক. myself খ. they
গ. who ঘ. anybody

উত্তর: ঘ ব্যাখ্যা: আরো কিছু indefinite pronoun; Ambody, anyone, anything, nobody, noone, nothing, everybody, everyone, everyting.

**৪০. ৯০° কোণের সম্পূরক কোণ কত ডিগ্রি?**

ক. ১৮০° খ. ২৭০°
গ. ০° ঘ. ৯০°

উত্তর: ঘ ব্যাখ্যা: দুটি কোণের সমষ্টি ১৮০° বা দুই সমকোণ হলে একটিকে অপরটির সম্পূরক কোণ বলে। তাই ৯০° কোণের সম্পূরক কোণ হবে = (১৮০ – ৯০)° = ৯০°।

**৪১. বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য, প্রস্থ এবং মাঝের লালবৃত্তের ব্যাসার্ধের অনুপাত যথাক্রমে-**

ক. ৫:৩:১ খ. ৩:১:০.৫
গ. ৪:২:১ ঘ. ১০:১২:১

উত্তর: ক ব্যাখ্যা: বাংলাদেশের পতাকা আয়তাকার এর দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০:৬ এবং মাঝের লাল বর্ণের বৃত্তটির ব্যাসার্ধ দৈর্ঘ্যের পাঁচ ভাগের একভাগ, পতাকার দৈর্ঘ্যের কুড়ি ভাগের বাম দিকের নয়ভাগের শেষ বিন্দুর ওপর অঙ্কিত লম্ব এবং প্রস্থের দিক বরাবর অঙ্কিত সরলরেখার ছেদবিন্দু হলো বৃত্তের কেন্দ্র। অতএব দৈর্ঘ্য ঃ প্রস্থ ঃ ব্যাসার্ধ = ১০ : ৬ : ২ : বা ৫ : ৩ : ১ হবে।

**৪২. ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে কোন প্রণালির অবস্থান?**

ক. পক খ. জিব্রাল্টার
গ. হরমুজ ঘ. বসফরাস

উত্তর: খ

**৪৩. শব্দ ও ধাতুর মূলকে বলে-**

ক. কারক খ. প্রকৃতি
গ. বিভক্তি ঘ. ধাতু

উত্তর: খ ব্যাখ্যা:

| ব্যাকরণিক শব্দ | সংজ্ঞা |
|---|---|
| কারক | বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। |
| প্রকৃতি | শব্দ ও ধাতুর মূলকে প্রকৃতি বলে। |
| বিভক্তি | বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য শব্দের সঙ্গে যে সকল বর্ণ যুক্ত হয়, তাদের বিভক্তি বলে। |
| ধাতু | ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় ধাতু বা ক্রিয়ামূল। |

**৪৪. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি-**

ক. লোহা　　খ. বাতাস
গ. পানি　　ঘ. শূন্যতায়

উত্তর✓ ক ব্যাখ্যা বাতাসে শব্দের বেগ সেকেন্ডে ৩৩২ মিটার। মাধ্যমের ভিত্তিতে শব্দের বেগের ক্রম হল- কঠিন > তরল > বায়বীয়। লোহার শব্দের বেগ বাতাসের শব্দের বেগের ১৫ গুণ। পানিতে শব্দের বেগ বায়ুর তুলনায় প্রায় সাড়ে চার গুণ বেশি। লোহায় শব্দের বেগ ৫২২১ মি/সে বা ৭৫৭ মাইল/ঘণ্টা।

**৪৫. 'সংবিধান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

ক. সং + বিধান　　খ. সম + ধান
গ. সং + অবিধান　　ঘ. সম্ + বিধান

উত্তর✓ ঘ ব্যাখ্যা সম্ + বিধান = সংবিধান (ব্যঞ্জনসন্ধি সাধিত)। ম্-এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম স্থলে অনুস্বার (ং) হয়। যেমন: সম্ + লাপ = সংলাপ, সম্ + বাদ = সংবাদ, সম্ + হার = সংহার।

**৪৬. পরীক্ষায় 'ক' এর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৭০, ৮৫ ও ৭৫। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে যেন তার গড় প্রাপ্ত নম্বর ৮০ হয়?**

ক. ৭৮　　খ. ৮২
গ. ৮৮　　ঘ. ৯০

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'ক' তিনটি পরীক্ষায় পেয়েছে মোট
= ৭০ + ৮৫ + ৭৫ = ২৩০।
চারটি পরীক্ষায় পাবে, (৮০ × ৪) = ৩২০
∴ চতুর্থ পরীক্ষায় পেতে হবে = (৩২০ − ২৩০) = ৯০।

**৪৭. He was absorbed -- deep thought.**

ক. in　　খ. to
গ. on　　ঘ. for

উত্তর✓ ক ব্যাখ্যা be absorbed in – কোন কিছুতে আত্মমগ্ন, থাকা।

**৪৮. একটি চতুর্ভুজের চারটি বাহুর বিপরীত দুটি সমান্তরাল কিন্তু অসমান। একে বলে-**

ক. ট্রাপিজিয়াম　　খ. আয়তক্ষেত্র
গ. সামান্তরিক　　ঘ. বর্গক্ষেত্র

উত্তর✓ ক ব্যাখ্যা ট্রাপিজিয়াম হল এমন একটি চতুর্ভুজ, যার দুটি বাহু সমান্তরাল এবং অপর দুটি বাহু অসমান্তরাল। ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুটি সর্বদা অসমান, সমান হয়ে গেলে তা সামান্তরিকে পরিণত হয়।

**৪৯. বাড়ি থেকে নদী দেখা যায় - কোন কারকে কোন বিভক্তি?**

ক. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
খ. অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি
গ. অপাদান করকে পঞ্চমী বিভক্তি
ঘ. অধিকরণ কারকে তৃতীয়া বিভক্তি

উত্তর✓ খ ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন: বাড়ি থেকে নদী দেখা যায়। এ বাক্যে 'থেকে' বিভক্তির কারণে এটি পঞ্চমীর উদাহরণ।

**৫০. 'সার্বভৌম' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

ক. সার্ব + ভৌম　　খ. সর্বভূমি + ষ্ণ্য
গ. সার্বভৌ + ম　　ঘ. ষ্ণ্য + সর্বভূমি

উত্তর✓ খ ব্যাখ্যা সর্বভূমি + ষ্ণ্য = সার্বভৌম (প্রত্যয় সাধিত শব্দ)। এরকম: গুরু + ষ্ণ্য = গৌরব, শিশু + ষ্ণ্য = শৈশব, মনু + ষ্ণ্য = মানব।

**৫১. বাংলা সাহিত্যে কাকে 'ছন্দের জাদুকর' বলা হয়?**

ক. রবীন্দ্রনাথ ঠাকুর　　খ. প্রমথ চৌধুরী
গ. সত্যেন্দ্রনাথ দত্ত　　ঘ. শামসুর রাহমান

উত্তর✓ গ ব্যাখ্যা

| প্রকৃত নাম | উপাধি/ছদ্মনাম |
|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | বিশ্বকবি |
| প্রথম চৌধুরী | বীরবল |
| সত্যেন্দ্রনাথ দত্ত | ছন্দের জাদুকর |
| শামসুর রাহমান | নাগরিক কবি |

**৫২. আগামীকালের তিনদিন পর যে দিন আসবে তা শনিবার। গতকালের দুইদিন পূর্বের দিনটি কী ছিল?**

ক. বৃহস্পতিবার　　খ. বুধবার
গ. শনিবার　　ঘ. সোমবার

উত্তর✓ ক ব্যাখ্যা আগামীকালের তিনদিন পরের দিন শনিবার হলে আজ সোমবার। গতকাল রবিবারের দুইদিন পূর্বের দিনটি ছিল বৃহস্পতিবার।

**৫৩. The correct spelling is-**

ক. Humurious　　খ. Humorious
গ. Humorous　　ঘ. Humourius

উত্তর✓ গ ব্যাখ্যা Humorous (adj)- রসাত্মক।

**৫৪. 'নাটিকা কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?**

ক. সাদৃশ্য অর্থে　　খ. ব্যাঙ্গার্থে
গ. ক্ষুদ্রার্থে　　ঘ. বৃহদার্থে

উত্তর✓ গ ব্যাখ্যা ক্ষুদ্রার্থে 'ইকা' প্রত্যয় যোগে গঠিত শব্দ: নাটক-নাটিকা, মালা-মালিকা, পুস্তক-পুস্তিকা। এগুলো স্ত্রী প্রত্যয় নয়, ক্ষুদ্রার্থক প্রত্যয়)।

**৫৫. Choose the correct sentence.**

ক. The rich is not happy always
খ. The rich are not always happy
গ. Rich is not always happy
ঘ. The rich is not always happy

উত্তর✓ খ ব্যাখ্যা 'The + Adjective' এর ব্যবহার plural common noun হিসেবে বিবেচিত হয়। সেক্ষেত্রে উক্ত phrase টি subject হিসেবে ব্যবহৃত হলে verb form টি plural হবে।

**৫৬. 'শ্মশ্রু' এর অর্থ কী?**

ক. শশুর　　খ. দাড়িগোঁফ
গ. অশ্রু　　ঘ. শাশুড়ি

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় শব্দার্থ : শ্বশ্রূ-শাশুড়ি, শ্মশ্রু-দাড়িগোঁফ, শ্মশান-শবদাহের স্থান, শ্যেন-বাজপাখি।

www.exambd.net



**৫৭. 'Subconscious' শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হলো-**

ক. অবচেতন খ. চেতনাহীন
গ. চেতনা প্রবাহ ঘ. অর্ধচেতন

উত্তর: ক ব্যাখ্যা: কতিপয় পারিভাষিক শব্দ : Sub-Judice – বিচারাধীন, Subsidy – ভর্তুকি, Surname – পদবি, Suspect – সন্দেহ-ভাজন, Unanimous – সর্বসম্মত, Verdict – রায়।

**৫৮. বাংলাদেশের কোন নদী প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হিসেবে পরিচিত?**

ক. হালদা খ. যমুনা
গ. সুরমা ঘ. মেঘনা

উত্তর: ক ব্যাখ্যা: হালদা নদী বাংলাদেশের পূর্ব-পাহাড়ি অঞ্চলের খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার একটি নদী। নদীটি পার্বত্য চট্টগ্রামের বাটনাতলী পাহাড় হতে উৎপন্ন হয়ে এটি ফটিকছড়ির মধ্য দিয়ে চট্টগ্রাম জেলায় প্রবেশ করেছে। এটি পৃথিবীর একমাত্র জোয়ার ভাটার নদী যেখানে রুই জাতীয় মাছ ডিম ছাড়ে এবং নিষিক্ত ডিম সংগ্রহ করা হয়।

**৫৯. ত্রিভুজের তিন বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহ কয়টি সমকোণ তৈরি করে?**

ক. 8 খ. 9
গ. 12 ঘ. 16

উত্তর: গ ব্যাখ্যা: ত্রিভুজের তিন বাহুর উপর তিনটি বর্গ অঙ্কন করা যায়। ১টি বর্গক্ষেত্রে সমকোণ থাকে ৪টি।
৩টি বর্গক্ষেত্রে সমকোণ, (৪ × ৩) = ১২টি।

**৬০. ইন্টারনেটের মাধ্যমে উন্নত চিকিৎসা পদ্ধতিকে বলা হয়-**

ক. ইলেকট্রোমেডিসিন খ. ই-ট্রিটমেন্ট
গ. টেলিমেডিসিন ঘ. জায়মা প্লাজমা

উত্তর: গ ব্যাখ্যা: টেলিকমিউনিকেশন এর সাহায্যে রোগ নির্ণয় এবং চিকিৎসাসেবা দেওয়াকে টেলিমেডিসিন বলা হয়।

**৬১. When I saw the gardener, he —— tree**

ক. is cutting down খ. will be cutting down
গ. cut down ঘ. was cutting down

উত্তর: ঘ ব্যাখ্যা: অতীতের কোন কাজের চলমানতা (continuty) বোঝাতে verb এর form টি past continuous tense এ পরিবর্তিত হয়। .... তখন ব্যক্তি গাছ কাটতেছিল।

**৬২. লোক সাহিত্য কাকে বলে?**

ক. লোক সাধারণের কল্যাণে দেবতার স্তুতিমূলক রচনাকে
খ. গ্রামের অশিক্ষিত ও অখ্যাত লোকদের সৃষ্ট রচনাকে
গ. লোকের মুখে মুখে প্রচলিত কাহিনি, গান, ছড়া ইত্যাদিকে
ঘ. গ্রামীণ নর নারীর প্রণয় সংবলিত উপাখ্যানকে

উত্তর: গ ব্যাখ্যা: লোকসাহিত্য বলতে জনসাধারণের মুখে মুখে প্রচলিত গাথা কাহিনি, গান, ছড়া, প্রবাদ ইত্যাদি বোঝানো হয়। সাধারণত কোনো সম্প্রদায় বা জনগোষ্ঠীর অলিখিত সাহিত্যই লোকসাহিত্য। অর্থাৎ জাতীয় সংস্কৃতির যে সকল সাহিত্য গুণসম্পন্ন সৃষ্টি প্রধানত মৌখিক ধারা অনুসরণ করে অগ্রসর হয় তাকে লোকসাহিত্য হিসেবে অভিহিত করা হয়।

**৬৩. The boy from the village said, "I -- starve than beg."**

ক. would better খ. better
গ. rather ঘ. would rather

উত্তর: ঘ ব্যাখ্যা: দুটি কাজের মধ্যে একটি কে perference (প্রধান্য) দেওয়া বোঝাতে verb formation 'would rather + $v_1$ + than + $v_2$ অনুযায়ী হয়।
N.B.: $v_1$ = প্রথম verb ; $v_2$ = ২য় verb + $v_2$

**৬৪. কোন বাক্যে ভাববাচ্যের কর্তার উদাহরণ দেওয়া হয়েছে?**

ক. ছুটি হলে ঘণ্টা বাজে খ. তাকে গ্রামে যেতে হবে
গ. আমার যাওয়া হবে না ঘ. সে গ্রামে যাবে

উত্তর: গ ব্যাখ্যা: যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নাম পুরুষের হয়। যেমন: আমার খাওয়া হলো না।

**৬৫. যদি $x + \frac{1}{x} = 5$ হয়, তবে $\frac{x}{x^2 + x + 1}$ এর মান কত?**

ক. $\frac{1}{6}$ খ. $\frac{1}{4}$
গ. $\frac{1}{5}$ ঘ. $\frac{1}{7}$

উত্তর: ক ব্যাখ্যা: $x + \frac{1}{x} = 5$

$$\Rightarrow \frac{x^2 + 1}{x} = 5$$
$$\Rightarrow x^2 + 1 = 5x$$
$$\Rightarrow x^2 + x + 1 = 6x$$
$$\therefore \frac{x}{x^2 + x + 1} = \frac{x}{6x} = \frac{1}{6}$$

**৬৬. $a + \frac{1}{a} = 3$ হলে $a^2 + \frac{1}{a^2}$ = কত?**

ক. 11 খ. 13
গ. 7 ঘ. 9

উত্তর: গ ব্যাখ্যা: $a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$

$$= (3)^2 - 2$$
$$= 9 - 2 = 7$$

**৬৭. কোনো স্থানে যত লোক আছে তত পাঁচ পয়সা জমা করায় মোট ৩১.২৫ টাকা জমা হলো। ঐ স্থানে কত লোক ছিল?**

ক. ১২৫ খ. কোনোটিই নয়
গ. ২৫ ঘ. ৫৫

উত্তর: গ ব্যাখ্যা: ৩১.২৫ টাকা = ৩১২৫ পয়সা।
ধরি লোক ছিল x জন
প্রশ্নমতে, $x^2 \times ৫ = ৩১২৫$

$$\Rightarrow x^2 = \frac{৩১২৫}{৫} = ৬২৫$$
$$\therefore x = ২৫$$

∴ লোক ছিলো ২৫ জন।

www.exambd.net



৬৮. $x^4 + x^2 + 1$ এর একটি উৎপাদক $x^2 + x + 1$ অপর উৎপাদকটি কত?

ক. $x^2 - x + 1$ খ. $x^2 + 1$
গ. $x + 1$ ঘ. $x^2 + x + 1$

উত্তর: ক ব্যাখ্যা: $x^4 + x^2 + 1$
$= (x^2)^2 + 2.x^2.1 + (1)^2 - x^2$
$= (x^2 + 1)^2 - (x)^2$
$= (x^2 + 1 + x)(x^2 + 1 - x)$
$= (x^2 + x + 1)(x^2 - x + 1)$
$\therefore$ অপর উৎপাদক $= x^2 - x + 1$

৬৯. I always take an umbrella —— it rains

ক. in case খ. unless
গ. incase of ঘ. if

উত্তর: ক ব্যাখ্যা: পূর্ব সতর্কতা বোঝাতে 'যদি' অর্থে 'if' ব্যবহৃত না হয়ে 'in case' ব্যবহৃত হয়। বাক্যে কর্তা ছাতা সর্বদাই সঙ্গে রাখে এই আশঙ্কায় যে বৃষ্টি আসতে পারে।

৭০. একটি রাস্তার পাশে এক সারিতে ১৫টি গাছ লাগানো আছে। একটি গাছ থেকে আরেকটি গাছের দূরত্ব ১০ মিটার হলে প্রথম ও শেষ গাছ দুটির মধ্যে দূরত্ব কত মিটার?

ক. ১৫০ খ. ১০৯
গ. ১২০ ঘ. ১৪০

উত্তর: ঘ ব্যাখ্যা: প্রথম ও শেষ গাছ দুটির মধ্যে দূরত্ব
= (১৫ – ১) × ১০ = ১৪০ মিটার।

৭১. যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী হয় না, তাকে বলে-

ক. ক্ষণপ্রভা খ. রগ
গ. ক্ষণস্থায়ী জ্যোতি ঘ. অনুসূয়া

উত্তর: ক ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : যে নারীর অসূয়া (হিংসা) নেই-অনসূয়া, যে নারীর হাসি সুন্দর-সুস্মিতা, যে নারী সাগরে বিচরণ করে-সাগরিকা, যার বেশবাস সংবৃত নয়-অসংবৃত, যার কোনো তিথি নেই-অতিথি।

৭২. অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হয় কোনটি?

ক. হরমোন খ. লালা
গ. পিত্তরস ঘ. পেপসিন

উত্তর: ক ব্যাখ্যা: যে সব গ্রন্থি নালিবিহীন, তাই ক্ষরণ সরাসরি রক্ত বা লসিকার মাধ্যমে বাহিত হয়ে দূরবর্তী সুনির্দিষ্ট অঙ্গে ক্রিয়াশীল হয়। সে সব গ্রন্থিকে অন্তঃক্ষরা গ্রন্থি বা অনাল গ্রন্থি (ductless gland) বলে। উদাহরণ পিটুইনারি, থাইরয়েড, অ্যাড্রেনাল ইত্যাদি গ্রন্থি। অন্তঃক্ষরা গ্রন্থির ক্ষরণকে হরমোন বলে।

৭৩. The birds and the bees means-

ক. The basic facts about sex
খ. The bird's eye view
গ. The birds and bees are good workers
ঘ. The relation between the birds and bees

উত্তর: ক ব্যাখ্যা: The birds and the bees (idiom)- যৌনতা সম্পর্কিত কথাবার্তা।

৭৪. A swimming snake bit him in the leg.
Here 'swimming' is a

ক. verbal noun খ. gerund
গ. infinite ঘ. participle

উত্তর: খ ব্যাখ্যা: সাধারণত যে সাপগুলো সাঁতার কাটে সেগুলোকে 'swimming snake' বলা হয়। সেক্ষেত্রে 'swimming' একটি Gerund.

৭৫. কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে?

ক. মশারি খ. লুঙ্গি
গ. চাদর ঘ. গামছা

উত্তর: ঘ ব্যাখ্যা: দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ বা স্বরলোপ। মধ্যস্বরলোপের উদাহরণ: গামোছা > গামছা, জানালা > জানলা, বসতি > বস্তি, নারিকেল > নারকেল, সুবর্ণ > স্বর্ণ।

৭৬. একজন ব্যাটসম্যান প্রথম তিনটি T-20 খেলায় ৮২, ৮৫, ও ৯২ রান করেন। চতুর্থ খেলায় কত রান করলে; তার গড় রান ৮৭ হবে?

ক. ৮৬ খ. ৮৭
গ. ৮৮ ঘ. ৮৯

উত্তর: ঘ ব্যাখ্যা: চারটি খেলায় মোট রান = (৮৭ × ৪) = ৩৪৮
প্রথম ৩টি খেলায় রান = (৮২ + ৮৫ + ৯২) = ২৫৯
∴ চতুর্থ খেলার রান = (৩৪৮ – ২৫৯) = ৮৯।

৭৭. 'চাষাভুষার কাব্য' কার সাহিত্যকর্ম?

ক. জীবনানন্দ দাশ খ. বেগম সুফিয়া কামাল
গ. কাজী নজরুল ইসলাম ঘ. নির্মলেন্দু গুণ

উত্তর: ঘ ব্যাখ্যা: 'চাষাভুষার কাব্য' নির্মলেন্দু গুণের সাহিত্যকর্ম। তার উল্লেখযোগ্য কাব্য: প্রেমাংশুর রক্ত চাই, না প্রেমিক না বিপ্লবী, তার আগে চাই সমাজতন্ত্র, দূর হ দুঃশাসন, নেই কেন সেই পাখি।

৭৮. পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন পাস হয়-

ক. ১৯৬১ খ. ১৯৫২
গ. ১৯৫০ ঘ. ১৯৫১

উত্তর: গ ব্যাখ্যা: পূর্ববঙ্গ জমিদার অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এই আইন পূর্ববাংলায় জমিতে খাজনা এই পরিপ্রেক্ষিতে বিলটি পাস হওয়ার পর ১৬ মে ১৯৫১ সালে বিলে প্রয়োজনীয় অনুমোদনমূলক সম্মতি পাওয়া যায়।

৭৯. নিচের কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?

ক. $\frac{1}{3}$ খ. $\frac{3}{6}$
গ. $\frac{2}{7}$ ঘ. $\frac{5}{21}$

উত্তর: ঘ ব্যাখ্যা: $\frac{1}{3} = 0.33$ ; $\frac{3}{6} = 0.5$
$\frac{2}{7} = 0.28$ ; $\frac{5}{21} = 0.24$

৮০. "সব ঝিনুকে মুক্তা মেলে না" - এই বাক্যে 'ঝিনুকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্তায় দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী

উত্তর: গ ব্যাখ্যা: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন: সাদা মেঘে বৃষ্টি হয় না।